গাংনীতে জরিমানা সহ অবৈধ ইটভাটা বন্ধ

মেহেরপুর জেলার গাংনী উপজেলায় অবৈধ ব্যারেল চিমনি ব্যবহার করায় ২০ হাজার টাকা জরিমানা সেই সাথে ইটভাটা ভেঙে দিয়েছে প্রশাসন।

মঙ্গলবার গাংনীর হাড়িয়াদহ মাঠে সরোয়ার হোসেন এর ইটভাটায় এ অভিযান চালানো হয়।

অভিযান পরিচালনা করেন, নির্বাহী ম্যাজিস্ট্রেট আরাফাত হোসেন ।

এসময় অবৈধ ব্যারেল চিমনি ব্যবহার করায় ভাটাটি আজীবনের জন্য বন্ধ ও ২০ হাজার টাকা জরিমানা করা হয়। সেই সাথে কাচা ইট গুলো পানি দিয়ে নষ্ট করে দেওয়া হয়।

এসময় উপস্থিত ছিলেন সহকারী কমিশনার (ভূমি) ইয়ানুর হোসেন।

- গাংনী প্রতিনিধি

গাংনীতে পুকুর থেকে প্রবাসীর স্ত্রীর মরদেহ উদ্ধার

মেহেরপুরের গাংনী উপজেলার মহিষাখোলা গ্রাম থেকে প্রবাসীর স্ত্রী আফরোজা খাতুনের (২৮) মরদেহ উদ্ধার করা হয়েছে।

আজ মঙ্গলবার (২৪ ডিসেম্বর) বেলা সাড়ে ১১টার দিকে বাড়ির পার্শ্ববর্তী পুকুরে তার মরদেহের সন্ধান পায় স্বজনরা। তাকে শ্বাসরোধ করে হত্যা করে পুকুরে ফেলে দেয়া হয় বলে ধারনা স্বজনদের।

আফরোজা খাতুন মহিষাখোলা গ্রামের হাউস আলীর মেয়ে। গাংনী উপজেলার নওদাপাড়া গ্রামের শিপন মিয়ার সাথে তার বিয়ে হয়। শিপন বিদেশে থাকায় দুই ছেলেকে নিয়ে পিতার বাড়িতে বসবাস করতেন আফরোজা।

নিহতের পারিবারিক সূত্রে জানা যায়, সোমবার রাতে প্রতিদিনের ন্যায় নিজ ঘরে দুই ছেলেকে নিয়ে ঘুড়িয়ে পড়েন আফরোজা। তবে সকালে ঘুম থেকে উঠে বাড়ির লোকজন আফরোজার সন্ধান পাচ্ছিলেন না।

খোঁজার এক পর্যায়ে বাড়ির পার্শ্ববর্তী একটি তুলা ক্ষেতে আফরোজার ব্যবহৃত ওড়না ও স্যান্ডেলের সন্ধান পাওয়া যায়। এতে পরিবারের লোকজনের সন্দেহ বেড়ে যায়।

পরে প্রতিবেশী আজাদ বক্সের পুকুরে আফরোজার মরদেহ খুঁজে পায় স্বজনরা। তার গলায় আঘাতের চিহ্নি রয়েছে।

এতে তাকে শ্বাসরোধ করে হত্যা করে পুকুরে মরদেহ ফেলে রাখা হয়েছে বলে ধারনা স্বজনদের। তবে কী কারণে কারা তাকে হত্যা করেছে তা নিশ্চিত হতে পারছেন না পরিবার।

মরদেহ উদ্ধারের বিষয়টি নিশ্চিত করে গাংনী থানা

ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ওবাইদুর রহমান বলেন, মরদেহ ময়নাতদন্তের জন্য মর্গে পাঠানো হচ্ছে।

সেই সাথে এ ঘটনার পেছনের রহস্য উন্মোচনে মাঠে নেমেছে পুলিশ।

- গাংনী প্রতিনিধি

মেহেরপুরে দৈনিক ইত্তেফাকের ৬৭ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন

মেহেরপুরে শোভাযাত্রা, কেক কাটা ও আলোচনা সভার মধ্যে দিয়ে দৈনক ইত্তেফাক পত্রিকার ৬৭ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়েছে।

মঙ্গলবার সকালে মেহেরপুর শিল্পকলা একাডেমী থেকে একটি বর্নাঢ্য শোভাযাত্রা বের করা হয়।

শোভাযাত্রাটি মেহেরপুর জেলা প্রেস ক্লাব প্রাঙ্গনে গিয়ে শেষ হয়। পরে জেলা প্রেসক্লাবে আলোচনা সভা ও কেক কাটার আয়োজন করা হয়।

দৈনিক ইত্তেফাকের মেহেরপুর জেলা প্রতিনিধি মাহাবুব চান্দুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন।

উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি তোযাম্মেল আযম, সহসভাপতি নাসের চৌধুরী, বাসস প্রতিনিধি দিলরুবা খাতুন, মেহেরপুর প্রতিদিন’র সম্পাদক ইয়াদুল মোমিন, সাংস্কৃতিক কর্মী শামিম জাহাঙ্গীর সেন্টু, মাহবুবুল হক মন্টু, শামিমুল ইসলাম, ইমদাদুল হক প্রমুখ।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুর জেলা প্রেস ক্লাবের প্রতিষ্ঠা বার্ষিকী পালন

মেহেরপুর জেলা প্রেস ক্লাবের দুই বছরে পদার্পণ উপলক্ষে প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়েছে।

এ উপলক্ষে সোমবার রাতে শহরের কোর্ট সড়কে অবস্থিত জেলা প্রেসক্লাবে কেক কাটা হয়।

এসময় আমন্ত্রিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সহকারি শিক্ষক আব্দুল ওয়াদুদ, বিশিষ্ট্য ব্যবসায়ী আব্দুর রাজ্জাক, মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, সহ-সভাপতি নাসের চৌধরী, সাধারণ সম্পাদক মাহাবুব চাঁন্দু, অর্থ-সম্পাদক দিলরুবা খাতুন, দপ্তর সম্পাদক মাসুদ রানা, নির্বাহী সদস্য মিজানুর রহমান, সাধারণ সদস্য মুর্তজা ফারুক রুপক, সাংবাদিক রেজাউল করিম, পাভেল মাহমুদ সহ সাংবাদিকগণ উপস্থিত ছিলেন।

- নিজস্ব প্রতিনিধি

গাংনীর ময়না হার্ডওয়ার এন্ড স্যানিটারি ব্যবসা প্রতিষ্ঠানের ১০ বছর পূর্তি

মেহেরপুরের গাংনী উপজেলা শহরের ময়না হার্ডওয়ার ও স্যানিটারি ব্যবসা প্রতিষ্ঠানের ১০ বছর পূর্তি উপলক্ষে সেমিনার ২০১৯ অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকাল ৯টা থেকে উপজেলার ভাটপাড়া ডিসি ইকো পার্কে র্যালী দিয়ে এ অনুষ্ঠানের সূচনা হয়।

র্যালী শেষে সেমিনার অনুষ্ঠানে বক্তব্য রাখেন কথা সাহিত্যিক রফিকুর রশীদ রিজভি।

ময়না হার্ডওয়ার ও স্যানিটারি ব্যবসা প্রতিষ্ঠানের স্বত্বাধীকারি মো: জিয়াউর রহমানের সভাপতিত্বে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, সন্ধানী সংস্থার নির্বাহী পরিচালক মহাম্মদ আবু জাফর, অ্যাড. এ কে এম শফিকুল আলম, বিশিষ্ট ব্যবসায়ী হাজী আলফাজ উদ্দিন, গাংনী বাজার কমিটির সভাপতি মহিবুর রহমান স্বপন, সাধারণ সম্পাদক বজলুর রহমান বুলু, সাবেক সভাপতি মুস্তাফিজুর রহমান মানিক, মহিলা কলেজের প্রভাষক মহিবুর রহমান মিন্টু প্রমুখ।

এ সময় সকল টাইলস শ্রমিক, ইলেক্ট্রিক শ্রমিক, পানি ফিটিং শ্রমিক ও পেইন্ট শ্রমিকদের সমন্বয়ে এক মিলন মেলার পরিবেশ তৈরী হয়।

সেমিনার শেষে এক প্রীতিভোজের আয়োজন করা হয়। পরে শ্রমিকদের নিয়ে এক মনোজ্ঞা সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

- গাংনী প্রতিনিধি

মুজিবনগরের বাগোয়ান ইউনিয়নে সরকারিভাবে আমন ধান সংগ্রহ শুরু

মেহেরপুরের মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের কৃষকদের নিকট থেকে সরকারিভাবে ন্যায্য মুল্যে আমন ধান সংগ্রহ শুরু হয়েছে।

সোমবার সকাল সাড়ে ১১টার সময় উপজেলার আনন্দবাস গ্রামের বাগোয়ান ইউনিয়ন পরিষদ চত্বরে সরাসরি কৃষকদের নিকট থেকে আমন ধান সংগ্রহের সূচনা করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা মো: উসমান গণি।

সুষ্ঠ ও সুন্দর পরিবেশে ন্যায্য মুল্যে ধান বিক্রয় করতে পেরে আগত কৃষকরা সরকারের এ ব্যাবস্থাপনাকে স্বাগত জানিয়ে ধন্যবাদ প্রকাশ করেন।
এসময় উপজেলা কৃষি কর্মকর্তাা মো: আনিছুজ্জামান, উপজেলা খাদ্য পরিদর্শক মো: নজরুল ইসলাম ও বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেন উপস্থিত ছিলেন।

বাগোয়ান ইউনিয়নে এ মৌসুমে ১শ৪৬ টন আমন ধান সংগ্রহের লক্ষ্যে ১শ ৪৬ জন কৃষক লটারির মাধ্যমে নির্বাচন করা হয়। এ পদ্ধাতিতে কৃষকরা সুষ্ঠ পরিবেশে সুন্দরভাবে কোন প্রকার বাঁধা বিপত্তি ছাড়াই ধান বিক্রয় করতে পারবে বলে সংশ্লিষ্টরা জানান।

- নিজস্ব প্রতিনিধি

শিক্ষক আবু আব্দুল্লাহ মিলন সাময়িক বরখাস্ত

মাদক ব্যবসার অভিযোগে অভিযুক্ত প্রাথমিক কুলবাড়ীয়া শহীদ হারেজ উদ্দীন সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক আবু আব্দুল্লাহ(মিলন)কে সাময়িক বরখাস্ত করা হয়েছে।

সোমবার জেলা প্রাথমিক শিক্ষা অফিসার স্বক্ষরিত এক আদেশে তাকে বরখাস্ত করা হয়। যার স্মারক নম্বর জেপ্রাশিঅ/মেহের/১৫২২/৮। অফিস আদেশে তাকে গত ১৫/১২/১৯ইং তারিখ হতে সাময়িক বরাখাস্ত করা হয়।

বরখাস্ত হওয়া শিক্ষক মিলন মেহেরপুরের গাংনী উপজেলার দেবীপুর গ্রামের মুক্তিযোদ্ধা ও পল্লী চিকিৎসক আব্দুল বাকীর ছেলে।

আরো পড়ুন: শিক্ষক মিলনকে নিয়ে নিন্দার ঝড়

জানা গেছে, গত ১৪ ডিসেম্বর শনিবার বিকেলে দেবীপুর গ্রামের একটি বাশঁবাগান ভারতীয় অবৈধ ফেন্সিডিল বিক্রয় করার সময় ৬০ বোতল ফেন্সিডিলসহ আবু আব্দুল্লাহ মিলন (৪০)কে আটক করে মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশের একটি দল।

তার নামে গাংনী থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ ধারা-৩৬(১) এর ১৪(গ)/৪১একটি মামলা হয়েছে। এজাহারে অভিযুক্ত মামলা নম্বর ১৩/২৮২ তারিখ-১৪/১২/২০১৯ইং ।

অপরদিকে গাংনী থানা সূত্র জানায়, এর আগেও মাদক মামলায় এজাহারে অভিযুক্ত ২০১৮ সালের ২৪ ডিসেম্বর রাতে তাকে আটক করে। গাংনী থানার এফ আই আর নং ১১ তারিখ-২৫ ডিসেম্বর ২০১৮।

১৯৯০ সালের মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনের ধারা-১৯(১)এর ৩(ক)/১৯ (৪)(মামলা চলমান) ২০১৮ সালের মামলায় অফিস থেকে তাকে সাময়িক বরাখাস্ত করেনি তাই হাজত থেকে জামিনে এসেও মাদক ব্যবসা চালিয়ে গেছেন বলেই মন্তব্য করছেন অনেকেই।

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মহা. ফজলে রহমান জানান, উপজেলা শিক্ষা অফিসার, গাংনী, মেহেরপুর এর স্মারক নং ৮৮৯ এ ১৮/১২/১৯ খ্রি: প্রতিবেদন মোতাবেক আবু আব্দুল্লাহকে পুলিশ কতৃক গ্রেফতার করে জেল হাজতে প্রেরণ করায় বি.এস.আর পার্ট-১, ৭৩(২)ধারা মোতাবেক ১৫/১২/১৯খ্রি: হতে সাময়িক বরাখাস্ত হয়েছে।

-গাংনী প্রতিনিধি

গাংনীতে ভ্রাম্যমাণ প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত

মেহেরপুর জেলা সমবায় অফিসের উদ্যোগে সমবায়ীদের দক্ষতা উন্নয়নে গাংনীতে ভ্রাম্যমাণ প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়েছে।

সোমবার গাংনীর বিআরডিবি হলরুমে এ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

গাংনী উপজেলা সমবায় কর্মকর্তা মো: মাহবুবুল হক মন্টুর সভাপতিত্বে প্রশিক্ষণে প্রধান অতিথি ছিলেন জেলা সমবায় কর্মকর্তা সৈয়দ জসিম উদ্দিন।

অতিথি বক্তা হিসেবে উপস্থিত ছিলেন গাংনীর সহকারী কমিশনার (ভুমি) মো: ইয়ানুর রহমান, গাংনী উপজেলা কৃষি কর্মকর্তা কে এম শাহাবুদ্দিন আহমেদ।

অন্যদের মধ্যে জেলা সমবায় অফিসের প্রশিক্ষক নুরুজ্জামান, সহকারি প্রশিক্ষক মোঃ রোকনুজ্জামান তুষার, গাংনী উপজেলা সমবায় অফিসের সহকারি পরিদর্শক মো: হাফিজুর রহমান, মো: রুহুল কুদ্দুস প্রমুখ উপস্থিত ছিলেন।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে ভৈরবের পাড়ে অবৈধ স্থাপনা উচ্ছেদ

মেহেরপুরে ভৈরব নদের জমি অবৈধভাবে দখল করা সকল স্থাপনা উচ্ছেদ করা হয়েছে। সদর উপজেলার কামদেবপুর, গোভিপুর ও যাদবপুর ইউনিটে টিনের ও ইটের তৈরি ১২টি অবৈধ স্থাপনা ভেঙে দেওয়া হয়েছে।

সেই সাথে পরবর্তিতে যাতে ভৈরব দখল করে কেউ অবৈধ স্থাপনা তৈরি না করে সে জন্য সর্তক করা হয়েছে। সোমবার সকাল থেকে দুপুর পর্যন্ত এ

উচ্ছেদ অভিযান চালানো হয়। উচ্ছেদ অভিযান পরিচালনা করেন উপজেলা নির্বাহী অফিসার মাসুদুল আলম।

এ বিষয়ে মাসুদুল আলম বলেন, মেহেরপুরের একমাত্র নদ ভৈরবের স্বাভাবিক সৌন্দর্যকে রক্ষা করা ও দখল বাজদের হাত থেকে নদকে বাচাঁনোর জন্য আমরা উচ্ছেদ অভিযান চালিয়েছি। মেহেরপুর সদর উপজেলায় মোট ৪৮টি অবৈধ স্থাপনার তালিকা করা হয়েছিল। এর মধ্যে ৩৬টি স্থাপনা আগে থেকেই সরিয়ে নিয়েছে।

বাকি ১২ টি স্থাপনা আমরা উচ্ছেদ করেছি। ভবিষ্যতে ভৈরব দখল করার চেষ্টা করে তাহলে তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

এসময় উপস্থিত ছিলেন, অতিরিক্ত জেলা প্রশাসক ইবাদত হোসেন, আঞ্চলিক পানি উন্নয়ন কর্মকর্ত সুবির কুমার ভট্টাচার্য।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে গাঁজাসহ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুর সদর উপজেলার আলমপুর বাজারে অভিযান চালিয়ে ২’শ গ্রাম গাজা সহ হামিদুল ও বাশার আলী নামের দুই মাদক ব্যবসায়ী কে আটক করেছে ডিবি পুলিশ।
রবিবার রাত পৌনে ৮ টার দিকে তাদের আটক করা হয়।

আটক হামিদুল গাংনী উপজেলার পুড়াপাড়া গ্রামের মৃত হাবিবুর রহমানের ও বাশার আলী একই গ্রামের বাদশার ছেলে।

ডিবি ওসি রবিউল ইসলাম জানায়, গোপন সংবাদের ভিত্তিতে আলমপুর বাজারে এই অভিযান পরিচালনা করা হয়।

এ সময় আটককৃতদের কাছ থেকে গাজা উদ্ধার করা হয়।

আটককৃতদের বিরুদ্ধে মেহেরপুর সদর থানায় একটি মামলা দায়ের করে

তাদের সোপর্দ করা হয়েছে।

- নিজস্ব প্রতিনিধি: